মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৬ আসামি গ্রেফতার হয়েছে। এসময় গাঁজা ও একটি গাঁজার গাছ উদ্ধার করেছে পুলিশ।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৪ ও মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার হয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম দুটি উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

রবিবার (১১ সেপ্টেম্বর) সকাল থেকে আজ সোমবার (১৩ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত এ অভিযান চালানো হয়। এসময় ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে।

পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ সোমবার (১২ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ২

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ২ আসামি গ্রেফতার হয়েছে।

সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ আসামি ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ আসামি গ্রেফতার হয়েছে।

শনিবার দিবাগত রাতের পৃথক সময়ে পুলিশ অভিযান চালিয়ে এই দুজনকে গ্রেফতার করে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের টিম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (১১ সেপ্টেম্বর) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৭ আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে নিয়মিত মামলায় ৬ জন ও আদালতের পরোয়ানাভূক্ত ১ আসামি রয়েছে।

শুক্রবার (৯ সেপ্টেম্বর) সকাল থেকে আজ শনিবার (১০ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৪ ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ আসামি গ্রেফতার করে। এছাড়া মুজিবনগর থানা পুলিশ ১ আসামি ও সদর থানা পুলিশ ১ আসামি গ্রেফতার করেছে। ২৪ ঘন্টায় মোট ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে। সংশ্লিষ্ট থানা সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অঅব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এসব গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের আজ শনিবার (১০ সেপ্টেম্বর) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে পর্ণোগ্রাফী ও ধর্ষণ মামলার প্রধান আসামি সম্রাট গ্রেফতার

মুজিবনগরে পর্ণোগ্রাফী ও নারী শিশু নির্যাতন দমন আইনের মামলায় সম্রাট আলী (১৯) নামের এক যুবককে গ্রেফতার করে আদালতে পাঠিয়েছে থানা পুলিশ। সম্রাট আলী মুজিবনগর উপজেলার বাবুপুর দক্ষিণপাড়া এলাকার আবরুল ইসলামের ছেলে।

গত বুধবার (৭সেপ্টেম্বর) দিবাগত মধ্যরাতে আবরুল ইসলামের বাড়িতে মুজিবনগর থানা পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। মুজিবনগর উপজেলার বাবুপুর গ্রামের নবম শ্রেনীতে পড়ুয়া এক স্কুল ছাত্রীকে বিয়ের প্রলোভনে তুলে নিয়ে গিয়ে বিভিন্ন স্থানে কয়েকদিন যাবৎ ধর্ষণ শেষে নগ্ন ভিডিও ধারণ করে ইমু ও ম্যাসেঞ্জার ব্যবহার করে সামাজিক যোগাযোগ ছড়ানোর অপরাধে ওই ছাত্রী একটি মামলা করেন। ধারা ৮(১), ৮(২) ৮(৩) ২০২০ সালের পর্ণোগ্রাফী নিয়ন্ত্রণ আইন তৎসহ নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৭/৯(১) ধারায় মামলাটি করা হয়। যার মামলা নং ৪, তারিখ ০৭-০৯-২০২২ ইং। মামলার প্রধান আসামি একই গ্রামের আবরুল ইসলামের ছেলে সম্রাট আলী ও দ্বিতীয় আসামি তার বন্ধু মো: লালুর ছেলে মকলেস (২০)।

মামলার বাদী ওই ভিকটিম তার এজাহারে অভিযোগ করেন, প্রধান আসামি সম্রাট আলী আমার সাথে প্রেমের সম্পর্ক গড়ে তুলে গত জুন মাসের ২ তারিখে মহাজনপুর থেকে আমাকে বিয়ের প্রলোভন দিয়ে তুলে নিয়ে গিয়ে চুয়াডাঙ্গার দামুড়হুদার কার্পাসডাঙ্গার বাজারের কাছে একটি বাড়িতে নিয়ে যায়। সেখানে নিয়ে পুর্বপরিকল্পিতভাবে কাগজে সই করিয়ে নেই। এবং বলে তোমার সাথে আমার বিয়ে হয়ে গেছে। তারপর আমি তাকে নিয়ে আমার বাবার বাড়ি চলে আসি। বাবার বাড়িতে সে তিন দিন যাপন করে। এসময় স্বামী স্ত্রী হিসেব আমরা শারীরিক মেলাশা করি। এরপর সে চলে যায়। প্রায় তিন মাস আমার সাথে যোগাযোগ বন্ধ করে দেই।

এরপর আবারো গত ১৫ আগষ্ট আমার সাথে যোগাযোগ করে। আমি তাকে নিয়ে মহাজনপুর গ্রামে আমার খালু বনমালি’র বাড়িতে বেড়াতে যায়। সেখানে রাত্রি যাপন করি। সে রাতে আমার সাথে মেলামেশা করেন। এক পর্যায়ে সে অসৎ উদ্দেশ্যে আমাকে বিবস্ত্র করে তার মোবাইল ফোনে ভিডিও ধারণ করে। ওই দিন চলে আসলেও পরবর্তিতে চলতি মাসের ২ তারিখে প্রতিবেশীরা জানায় সম্রাট তার মোবাইল ফোনের মাধ্যমে আমার নগ্ন ভিডিও ম্যাসেঞ্জার ও ইমুর মাধ্যমে বিভিন্ন ম্যাসেঞ্জার ও ইমু গ্রুপে ছড়িয়ে দিয়ে আমাকে কলঙ্কিত করেছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, ভিকটিমের লিখিত অভিযোগ যাচাই বাছাই করে তদন্ত করে মামলাটি নথিভূক্ত করা হয়েছে। ইতোমধ্যে অভিযান চালিয়ে মামলার প্রধান আসামি সম্রাটকে গ্রেফতার করে গতকাল বৃহস্পতিবার দুপুরে আদালতে সোপর্দ করা হয়েছে।

বাকি আসামিকে গ্রেফতারের চেষ্টা অব্যহত রয়েছে। এছাড়া ভিকটিমকে উদ্ধার করে ডাক্তারি পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। তিনি বলেন মামলার প্রধান আসামিকে গ্রেফতার ও যে মোবাইল ফোন থেকে ভিডিও ধারণ ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়েছে সেই ডিভাইচটি জব্দ করে ফরেনসিক বিভাগে পাঠানো হয়েছে।

মেহেরপুরে আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এরা সবাই আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার আসামি। তারা পলাতক ছিলো। আদালতের পরোয়ানা পেয়ে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে সদর থানা পুলিশ।

সদর থানার ভারপ্রোপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের একাধিক টিম বুধবার দিবাগত রাত থেকে বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) ভোর পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের মধ্যে গাংনী থানা পুলিশ ২ বছরের সাজাপ্রাপ্তসহ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ৭ জন মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে জিআর মামলায় ২ ও সিআর মামলায় ১ জন এবং মুজিবনগর থানা পুলিশ পর্ণোগ্রাফী মামলার ১ আসামি গ্রেফতার করেছে।এসময় ১১৫ গ্রাম গাঁজা উদ্ধার হয়।

মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করে বলেন বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনী থানা পুলিশের অভিযানে গ্রেফতার ৭

গাংনী থানা পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার দিবাগত রাত থেকে আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) ভোর পর্যন্ত বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের মধ্যে পরোয়ানাভূক্ত সিআর মামলার ৭ জন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে অভিযানে পুলিশের পৃথক টিম অংশ নেয়।

পুলিশের সংশ্লিষ্ট বিভাগ আজ বৃহস্পতিবার দুপুরের দিকে এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের

আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনী থানা পুলিশের অভিযানে ২ বছরের সাজাপ্রাপ্ত গ্রেফতার

এনআই এ্যাক্ট মামলায় ২ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি আবু জাফর ওরফে হিরনকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গ্রেফতারকৃত আবু জাফর গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের কামারখালি গ্রামের হারুন অর রশিদের ছেলে।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) ভোররাতের দিকে গাংনী থানা পুলিশের তদন্ত অফিসার (ওসি তদন্ত) মনোজিত কুমার নন্দীর নেতৃত্বে এসআই আশিক, এসআই মাসুদ এএসআই জাহিদ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

তার নামে পিরোজ জেলার একটি থানায় ব্যবসায়ীক লেনদেনের চেক ডিজঅনার হওয়ায় একটি মামলা হয়। যার নং ১৮৬/১৯।

মামলায় তার ২ বছরের কারাদন্ড দেন আদালত। দন্ডিত হওয়ার পর সে পলাতক জীবন যাপন করছিলেন।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে

গ্রেফতার ৭ দুটি মামলা রেকর্ড

মেহেরপুর পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভভূক্ত ও নিয়মিত মামলায় ৭ আসামি গ্রেফতার হয়েছেন।

আসামিদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযান আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১, সিআর মামলায় ১, মুজিবনগর থানা পুলিশ ২ ও গাংনী থানা পুলিশ নিয়মিত মামলায় ৩ জনকে গ্রেফতার করেছেন।

সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন। পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ সুপার মো: রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। তিনটি থানার একাধিক টিম এই গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৫ জন মামলা রেকর্ড ৬ টি

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৫ আসামি গ্রেফতার হয়েছে। তিন থানায় বিভিন্ন অভিযোগে ৬ টি মামলা রুজ্জু হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ৩ জন ও

আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ জন ও মুজিবনগর থানা পুলিশ নিয়মিত মামলায় ১ জন আসামি গ্রেফতার করেছে।

সদর থানায় অন্যান্য মামলা ৩ টি, মাদক আইনে ১ টি , মুজিবনগর থানায় ১ টি ও গাংনী থানায় ১ টি মামলা রেকর্ড হয়েছে।

রবিবার (৪ সেপ্টেম্বর) সকাল থেকে আজ সোমবার (৫ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছেন।পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনরগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ সোমবার সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানান সূত্রটি।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৪, দুটি মামলা রেকর্ড

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছেন।
আসামিদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে পুরনো মামলায় ৩ আসামি ও মুজিবনগর থানা পুলিশশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ আসামী গ্রেফতার করেছেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে শনিবার সকাল থেকে আজ রবিবার (৪ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

এসময় মেহেরপুর সদর থানায় একটি ও গাংনী থানায় নারী নির্যাততন দমন আইনে একটি মামলা রুজ্জু হয়েছে।
মেহেরপুর পুলিশের সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃত আসামিদের আজ রবিবা (৪ সেপ্টেম্বর) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।